



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

মেলান্দহ সরকারি কলেজ

জামালপুর

ওয়েব : www.mgc.gov.bd, ই-মেইল : govt.melandahcollege@gmail.com

EIIN No-110150, ময়মনসিংহ বোর্ডের কোড : ৮৯৫০, জাতীয় বিশ্বঃ কোড : ৫০০৩

মোবাইল নং- ০১৩০৯-১১০১৫০


স্মারক নং- মে.স.ক./২০২৪/

তারিখ : ১১/০৮/২০২৪খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২০২৫ (পুণঃ)

এতদ্বারা ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেলান্দহ উপজেলাধীন মেলান্দহ সরকারি কলেজের পুরাতন জরাজীর্ণ আধাপাকা ব্যবহার অযোগ্য টিনসেড ভবন নিলামে বিক্রয়ের জন্য গত ২৪/০১/২০২৪খ্রি. তারিখে স্থানীয় কনডেমনেশন কমিটির সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় এবং গত ২৯/০৫/২০২৪খ্রি. তারিখে সহকারী পরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয় স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৩.২০২২-৮২১ মূলে অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে গত ০৯/০৭/২০২৪খ্রি. তারিখে নিলাম বিজ্ঞপ্তি দেয়া হয় যাতে ১০/০৭/২০২৪খ্রি. তারিখ হতে ২১/০৭/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত নিলাম সংক্রান্ত সিডিউল ক্রয় ও নিলাম বাক্সে জমাদানের সময় নির্ধারণ করা হয়েছিল। পরবর্তীতে দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় তা স্থগিত করা হয়েছিল। বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠান আগামী ১২/০৮/২০২৪খ্রি. তারিখ হতে ১৮/০৮/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নিলাম সংক্রান্ত সিডিউল ক্রয় করতে পারবেন এবং অত্র কার্যালয়ে রক্ষিত নিলাম বাক্সে জমা দিতে পারবেন। যাহারা ইতঃপূর্বে সিডিউল ক্রয় করেছেন তারাও এ সময়ের মধ্যে জমা দিতে পারবেন। আগামী ১৯/০৮/২০২৪খ্রি. তারিখ (সোমবার) দুপুর ১২:০০ টায় নিলাম দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিলাম বাক্স খোলা হবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ ব্যতীত যে কোন বা সকল কোটেশন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নির্বাচিত নিলাম দাতাকে কার্যাদেশ প্রাপ্তির পূর্বেই ডাককৃত সমুদয় অর্থের উপর সরকারি নিয়ম অনুযায়ী ভ্যাট ও আয়কর সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করতে হবে।

ক্র. নং	কাজের নাম	সিডিউলের মূল্য	কাজ সমাপ্তির সময় সীমা	মন্তব্য
১.	মেলান্দহ সরকারি কলেজের অব্যবহৃত পুরাতন জরাজীর্ণ আধাপাকা টিনসেড ভবন নিলাম	৫০০/- (অফেরত যোগ্য)	১৫ দিন	


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মেলান্দহ সরকারি কলেজ

জামালপুর

অধ্যক্ষ
মেলান্দহ সরকারি কলেজ
মেলান্দহ, জামালপুর।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক/সভাপতি, স্থানীয় কনডেমনেশন কমিটি, জামালপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
- ৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেলান্দহ, জামালপুর।
- ৫। অফিস নথি।